

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[কর নীতি উইং]

সেগুনবাগিচা, ঢাকা

www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.৭০.০০৭.২০১৫/২২০(৫০)

তারিখঃ

০৩ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৭ তারিখঃ ২১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ স্পষ্টীকরণ প্রসঙ্গে।

এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৭ তারিখঃ ২১ জুন ২০১৭ দ্বারা সরকারি বেতন আদেশভুক্ত কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস, তা যে নামেই অভিহিত হোক না কেন, ব্যতীত অবসরকালে প্রদত্ত লাম্প গ্রান্টসহ সরকারি বেতন আদেশে উল্লিখিত অন্যান্য ভাতা ও সুবিধাদিকে আয়কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে। তাতে উক্ত এস,আর,ও এর প্রযোজ্যতা এবং প্রয়োগের ক্ষেত্রে অস্পষ্টতা রয়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে স্পষ্ট করেছে যে, কেবল নিম্ন-বর্ণিত করদাতাগণের ক্ষেত্রে এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৭ প্রযোজ্য হবে, যথা-

(অ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত-

(১) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(২) চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এবং বাংলাদেশ শিপিং কর্পোরেশনে নিয়োজিত কর্মচারী ও ব্যক্তি ব্যতীত অন্যান্য সকল স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত কর্মচারীগণ যাদের ক্ষেত্রে উক্ত আদেশ প্রযোজ্য;

(৩) চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান বলতে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক, বাংলাদেশ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন, বাংলাদেশ সিকিউরিটিস এন্ড এক্সচেঞ্জ কমিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটিতে নিয়োজিত কর্মচারীগণ যাদের ক্ষেত্রে উক্ত আদেশ প্রযোজ্য;

(৪) চাকরি (বাংলাদেশ পুলিশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

আর্থিক AP/৫০০০ AP
২১/০১/১৯

(৫) চাকরি (বর্ডার গার্ড বাংলাদেশ) (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;

(৬) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৪) অনুযায়ী যে সকল কর্মচারীর জন্য উক্ত আদেশ প্রযোজ্য;


(আ) জাতীয় বেতনস্কেল ২০১৫ এর আলোকে প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত যৌথ বাহিনী নির্দেশাবলী (Joint Services Instructions) নম্বর ০১/২০১৬ এর অনুচ্ছেদ ২ অনুযায়ী যে সকল ব্যক্তিবর্গের জন্য উক্ত নির্দেশাবলী প্রযোজ্য; এবং

(ই) যে সকল ব্যক্তি কোন আইন, বিধি বা প্রবিধানের অধীন কোন পদে নিয়োজিত থাকাকালীন সরাসরি কোষাগার হতে বেতন প্রাপ্ত হন বা আর্থিক সুবিধা, তা যে নামেই অভিহিত হোক না কেন, প্রাপ্ত হন।

৩। উপরি-উল্লিখিত বেতন ভাতাদি আদেশসমূহে বর্ণিত ভাতা ও সুবিধাদি ব্যতীত অন্য সকল ধরনের আয় করযোগ্য হবে।

৪। যে সকল করদাতা উপরি-উল্লিখিত বেতন ভাতাদি আদেশসমূহের আওতায় বেতন আয় প্রাপ্ত হননা, তাদের বেতন আয় নিরূপনের ক্ষেত্রে এস,আর,ওনং২১১-আইন/আয়কর/২০১৭ প্রযোজ্য হবে না। তাদের বেতন আয় নিরূপনের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৮ এর বিধানাবলী এবং আয়কর বিধিমালা, ১৯৮৮ এর বিধি-৩৩ প্রযোজ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ড সিস্টেমস ম্যানেজার দপ্তর	অফিস সময়
সিনিয়র সিস্টেম এনালিস্ট	☐ কাজে বিনয়িত হওয়া নিষিদ্ধ। ☐ কাজে উপস্থিত হওয়া। ☐ পবিত্রতা ও নৈতিকতা বজায় রাখা। ☐ একান্তীয় ব্যবহার করা। ☐ কর্মক্ষেত্রে সর্বদা সজাগ হওয়া। ☐ নিজ পদে অধীস্থিত কাজ সম্পন্ন করা। ☐ স্বাস্থ্যকর রাখা।
সিস্টেম এনালিস্ট-১	
সিস্টেম এনালিস্ট-২	
সিস্টেম এনালিস্ট-৩	
সিস্টেম এনালিস্ট-৪	


(সুমন দাস)
২৬/১২/২০১৭
দ্বিতীয় সচিব (কর আইন-১)

ফোনঃ ৮৩৯১৬১৪

ইমেইলঃ taxpolicynbr@yahoo.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২। প্রেসিডেন্ট, ট্যাকসেস্ আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।


৪। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।

৫। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।

৬। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ বরিশাল/ ময়মনসিংহ/ গাজীপুর /নারায়ণগঞ্জ/কুমিল্লা/বগুড়া।

৭। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

✓ সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)


২৬/১২/২০১৭